


W.B. HUMAN RIGHTS
COMMISSION
KOLKATA-27

File No. 144/WBHR/SMC/2018


Date: 19. 11. 2018

Enclosed is the news clipping appeared in the 'Ananda Bazar Patrika', a Bengali daily dated 19.11.2018, the news item is captioned 'মহিলা বিচারকে হেনস্তা চন্দননগরে'.

Commissioner of Police, Chandannagar Police Commissionerate is directed to look into the matter and to furnish a report by 27th December , 2018.



(Justice Girish Chandra Gupta)
Chairperson



(M.S. Dwivedy)
Member

মহিলা বিচারককে হেনস্থা চন্দননগরে

নিজস্ব সংবাদদাতা

আদালতে যাওয়ার পথে গাড়ি আটকে হেনস্থা করা হল মহিলা বিচারককে। মারধর করা হল তাঁর গাড়ির চালককেও। রবিবার দুপুরে চন্দননগরের ঘটনা। জগদ্ধাত্রী বিসর্জনের শোভাযাত্রায় এক দল মস্ত যুবক চন্দ্রাণী মুখোপাধ্যায় নামে ওই বিচারককে গাড়ি থেকে নামানোর চেষ্টা করেন বলেও অভিযোগ।

স্থানীয় সূত্রে খবর, শেষ পর্যন্ত পুলিশ এসে ওই বিচারককে আদালতে পৌঁছে দেয়। এ দিন বিকেলে বিচারক চন্দননগর থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। রাত পর্যন্ত পুলিশ অবশ্য মানকুণ্ডুর ওই ক্লাবের অভিযুক্ত সদস্যদের ধরতে পারেনি।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, চন্দ্রাণী মুখোপাধ্যায় চন্দননগর আদালতের অতিরিক্ত জেলা ও দায়রা বিচারক। তবে এ দিন তিনি অতিরিক্ত বিচারবিভাগীয় বিচারকের দায়িত্বে ছিলেন। দুপুরে তিনি পান্ড্রিপাড়ার আবাসনে নিজের ফ্ল্যাট থেকে গাড়ি নিয়ে আদালতের উদ্দেশে বের হন। গাড়িতে তাঁর স্বামী এবং দু'জন

দেহরক্ষী ছিলেন।

অভিযোগে বিচারক জানিয়েছেন, কিছুটা গিয়েই জিটি রোডে মানকুণ্ডুর নতুনপাড়ার শোভাযাত্রায় আটকে পড়ে তাঁর গাড়ি। তখন তাঁর দেহরক্ষীরা গাড়ি থেকে নেমে ভিড় সরানোর চেষ্টা করেন। এর মধ্যে এক দল মস্ত যুবক তাঁর গাড়ি আটকে হাঙ্গামা জুড়ে দেয়। তখন চালক জানান, গাড়িতে বিচারক রয়েছেন। অভিযোগ, এ কথা শুনে তারা পাল্টা বলে, “বিচারক হোক, আর যেই হোক, গাড়ি যেতে দেব না।” বিচারকের অভিযোগ, তাঁকে গালাগালও করতে থাকে ওই যুবকেরা। এরই মধ্যে কয়েক জন এসে গাড়ির চালককে চড়-থাপ্পড় মারতে শুরু করে। চন্দ্রাণীদেবীর অভিযোগ, তাঁকে গাড়ি থেকে নামানোর চেষ্টা করে কয়েক জন মস্ত যুবক।

এর মধ্যে বিচারকের দেহরক্ষী চন্দননগর থানায় খবর দেন। কিছু ক্ষণের মধ্যে পুলিশ এসে বিচারকের গাড়িকে আদালতে পৌঁছে দেয়। সন্ধ্যায় আদালতের কাজ শেষ করে তিনি থানায় অভিযোগ করেন। পুলিশ জানিয়েছে, অভিযুক্তদের খোঁজ চলছে।